

জনবল নিয়োগ সংক্রান্ত জরুরি নোটিশ

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার, বেতার যন্ত্রচালক (ওয়্যারলেস অপারেটর), অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সার্ভেয়ার, গাড়িচালক, অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদে নিয়োগের লক্ষ্যে আবেদনকৃত সংশ্লিষ্ট প্রার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৬-০৬-২০২৬ খ্রি. তারিখ অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফল আগামী ০৭-০৬-২০২৬ খ্রি. তারিখ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইট (www.ddm.gov.bd), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.modmr.gov.bd) এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সুনির্দিষ্ট সময় উল্লেখ করে বিস্তারিত সূচি একইভাবে প্রকাশ করা হবে।


তারিখ	পদের নাম	পরীক্ষার সময় ও স্থান
১০-০৬-২০২৬ খ্রি. হতে ১১-০৬-২০২৬ খ্রি. পর্যন্ত	কম্পিউটার অপারেটর, অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	ব্যবহারিক পরীক্ষা সকাল ০৯:০০ টা হতে শুরু স্থান: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কম্পিউটার ল্যাব
১২-০৬-২০২৬ খ্রি.	গাড়িচালক	ব্যবহারিক পরীক্ষা সকাল ১০:০০ টা হতে শুরু স্থান: পরীক্ষা টিএন্ডটি মহিলা কলেজ সংলগ্ন মাঠ, মহাখালী, ঢাকা
১৪-০৬-২০২৬ খ্রি. হতে ২১-০৬-২০২৬ খ্রি. পর্যন্ত	কম্পিউটার অপারেটর, ক্যাশিয়ার, সার্ভেয়ার, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বেতার যন্ত্রচালক, গাড়িচালক, অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী	মৌখিক পরীক্ষা সকাল ১০:০০ টা হতে শুরু স্থান: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

০২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থীদের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা প্রযোজ্য, তারা ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

০৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থীর ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা প্রযোজ্য নয় তারা সরাসরি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

০৪। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদা প্রবেশ পত্র ইস্যু করা হবেনা। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

০৫। টেলিটকের মাধ্যমে দাখিলকৃত প্রার্থীর আবেদন, আবেদনে উল্লিখিত যাবতীয় সনদের মূল কপি ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি, প্রবেশপত্র, A4 সাইজের অফসেট কাগজে টাইপকৃত বর্তমান ও স্থায়ী ঠিকানা (বাংলায়), সদ্য তোলা ৪ (চার) কপি রঞ্জিন ছবিসহ নির্ধারিত সময়ে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


০৪/০৬/২০২৬
উপপরিচালক (প্রশাসন-২)
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

বিতরণ :

- ১। সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা-১২১২ [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৩। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪। নোটিশ বোর্ড, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।